



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৮

তারিখ : ১৯ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ
০২ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২৪/০৩/২০২০ এবং ২৫/০৩/২০২০ তারিখের যথাক্রমে ডিওএস সার্কুলার লেটার নং-০৬ ও ০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক ইতোপূর্বে ঘোষিত সাধারণ ছুটির চলমান মেয়াদ বৃদ্ধি করার প্রেক্ষিতে আগামী ০৫ এপ্রিল ২০২০ তারিখ হতে ০৯ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হল। এক্ষেত্রে, লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে।

০৩। বর্ণিত সময়ে গ্রাহকের প্রয়োজনে নগদ/চেকের মাধ্যমে অর্থ জমা ও উত্তোলনের পাশাপাশি ডিডি/পে-অর্ডার ইত্যাদি ইস্যু, ট্রেজারী চালান জমাসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমের/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে।

০৪। উপরোক্ত অনুচ্ছেদ নং-০২ ও ০৩ এ বর্ণিত বিষয়াদি ব্যতীত উপর্যুক্ত ২৪/০৩/২০২০ এবং ২৫/০৩/২০২০ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০৬ এবং ডিওএস সার্কুলার লেটার নং-০৭ এর অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৩